

অ্যানেস্কেটিকের পরে কাঁপুনি কেন হয়?

- অপারেশন থিয়েটার ঠান্ডা হতে পারে। অস্ত্রোপচারের সময় আপনার শরীরের কিছু অংশ ঠান্ডা বাতাসের সংস্পর্শে আসবে এবং আপনার শরীরের তাপমাত্রা কমে যেতে পারে।
- কখনও কখনও অ্যানেস্কেটিক ওষুধ এবং গ্যাসগুলি শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণকারী সংকেতগুলিকে প্রভাবিত করে।
- সাধারণ অ্যানেস্কেসিয়ার পরে কাঁপুনি হতে পারে, তবে রিজিওনাল অ্যানেস্কেসিয়ার (এপিডুরাল বা স্পাইনাল) পরেও হতে পারে।

স্বাস্থ্যসেবা দল কী করতে পারে?

অস্ত্রোপচারের পর রিকভারি রুমে একজন নার্স সর্বদা আপনার সাথে থাকবেন। তারা আপনার তাপমাত্রা পরীক্ষা করবেন এবং আপনাকে উষ্ণ কম্বল বা গরম পানীয় দেবেন।

যদি এতেও কাজ না হয়, তাহলে তারা আপনার শরীরকে গরম করার জন্য ওষুধ দিতে পারেন অথবা শিরার মাধ্যমে গরম তরল সরবরাহ করতে পারেন।

আমি নিজে কি করতে পারি?

অপারেশন থিয়েটারে যাওয়ার জন্য অপেক্ষা করার সময় যতটা সম্ভব উষ্ণ থাকার চেষ্টা করুন। অপারেশনের আগে যদি আপনি উষ্ণ থাকেন, তাহলে পরে আপনার ঠান্ডা লাগার সম্ভাবনা কম থাকবে।

আপনার ঠান্ডা লাগলে নার্সদের বলুন, তারা আপনাকে কম্বল দিতে পারবেন।

আপনি বাড়ি থেকে হাসপাতালে গরম পোশাক এবং চপ্পল আনতে পারেন।

জানা ভালো

যদি অ্যানেস্কেসিয়ার পরে আপনার কাঁপুনি হয়ে থাকে, তবে তার অর্থ এই নয় যে ভবিষ্যতে আবার অ্যানেস্কেসিয়া দিলে আপনার আবারও কাঁপুনি হওয়ার সম্ভাবনা বেশি।

দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখতে সর্বোচ্চ চেষ্টা করি, তবে এর নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এসব সাধারণ তথ্য আপনার সকল প্রশ্নের উত্তর দেবে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিত। এই লিফলেটটি পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনো বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। দয়া করে, সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখুন:

(www.rcoa.ac.uk/patient-information/translations/bengali)

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকরণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার কোনো মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :

patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists

Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

www.rcoa.ac.uk

ষষ্ঠ সংস্করণ, নভেম্বর ২০২৪

এই প্রচারপত্র প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© 2024 Royal College of Anaesthetists

রোগীদের জন্য তথ্য সংবলিত উপাদান তৈরি করতে এই প্রচারপত্রটির প্রতিলিপি তৈরি করা যেতে পারে। অনুগ্রহ করে এই মূল উৎসটি উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান, তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং, ছবি ও আইকনগুলো সরিয়ে নিতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।